Signature and Name of Invigilator

1. (Signature) ______________________

   (Name) ______________________

2. (Signature) ______________________

   (Name) ______________________

OMR Sheet No. : ....
(To be filled by the Candidate)

Roll No. | | | | | | | | |
(In figures as per admission card)

Roll No. ______________________
(In words)

D 1 9 1 5

PAPER - III
BENGALI

Time : 2½ hours] **[Maximum Marks : 150**

Number of Pages in this Booklet : **24**

Number of Questions in this Booklet : **75**

Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of seventy five multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the Test Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (1), (2), (3) and (4). You have to darken the circle as indicated below on the correct response against each item.

   Example : ① ② ● ④ where (3) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are however, allowed to carry original question booklet and duplicate copy of OMR Sheet on conclusion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There are no negative marks for incorrect answers.**

परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए।
2. इस प्रश्न-पत्र में पचहत्तर बहुविकल्पीय प्रश्न हैं।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी। पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए पुस्तिका पर लगी कागज की सील को फाड़ लें। खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं। दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें। इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे। उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा।**
   (iii) इस जाँच के बाद प्रश्न-पुस्तिका का नंबर OMR पत्रक पर अंकित करें और OMR पत्रक का नंबर इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (1), (2), (3) तथा (4) दिये गये हैं। आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है।

   उदाहरण : ① ② ● ④ जबकि (3) सही उत्तर है।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं। यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिन्हांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं।
9. आपको परीक्षा समाप्त होने पर मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें। हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका तथा OMR पत्रक की डुप्लीकेट प्रति अपने साथ ले जा सकते हैं।
10. **केवल नीले/काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं।**

BENGALI

বাংলা

PAPER - III

প্রশ্নপত্র - III

Note : This paper contains **seventy five (75)** objective type questions of **two (2)** marks each. **All** questions are **compulsory**.

নির্দেশ : এই প্রশ্নপত্রে **পঁচাত্তর (75)** টি বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে। প্রতি প্রশ্নের মান **দুই (2)**। **সব** প্রশ্নের উত্তর দিতে হবে।

1. 'রক্তকরবী' নাটকের পান্ডুলিপি অবলম্বনে **প্রথম তালিকায়** কতসংখ্যক পান্ডুলিপি এবং **দ্বিতীয় তালিকায়** সেইসব পান্ডুলিপির অন্যতম বৈশিষ্ট্য দেওয়া হয়েছে। তালিকা দুটির মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	দ্বিতীয় খসড়া পান্ডুলিপি	(i)	রবীন্দ্রনাথের নিজের হাতের লেখা নয়। এটি প্রথম অনুলিপি খসড়া।
(b)	চতুর্থ খসড়া পান্ডুলিপি	(ii)	কিশোর চরিত্রের সংযোজন ঘটে।
(c)	ষষ্ঠ খসড়া পান্ডুলিপি	(iii)	রক্তকরবী ফুলের প্রসঙ্গ প্রথম এসেছে।
(d)	দশম খসড়া পান্ডুলিপি	(iv)	'বহুরূপী' পত্রিকায় প্রথম রক্তকরবীর পান্ডুলিপির প্রকাশ।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iv)	(i)	(iii)
(2)	(iv)	(iii)	(ii)	(i)
(3)	(i)	(ii)	(iv)	(iii)
(4)	(iii)	(iv)	(i)	(ii)

2. বাংলা ভাষায় সংস্কৃত ছন্দ বিষয়ে প্রথম গ্রন্থ রচনা করেছিলেন :

(1) ভুবনমোহন রায়চৌধুরী (2) মধুসূদন বাচস্পতি

(3) নরহরি চক্রবর্তী (4) বিজয়চন্দ্র মজুমদার

3. ''সেজন্যই আমাকে সম্প্রতি এমন কথা শুনতে হচ্ছে যে, আমি ছন্দ ভেঙে থাকি, তোমাদের স্তুতিবাক্যের কল্লোলে সেটা আমার কানে উঠে না।''-রবীন্দ্রনাথ এটি যাঁকে লিখেছেন তিনি হলেন :

(1) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় (2) প্যারীমোহন সেনগুপ্ত

(3) দিলীপকুমার রায় (4) শৈলেন্দ্রনাথ ঘোষ

4. মাইকেল মধুসূদন ‘মেঘনাদবধ কাব্য’- এর দ্বিতীয় সর্গ হোমারের ইলিয়াড কাব্যের যে অংশ থেকে গৃহীত বলে উল্লেখ করেছেন, সেটি হল :

(1) 11th BK (2) 12th BK (3) 13th BK (4) 14th BK

5. ‘আমিও কন্টিনেন্ট সাহিত্যে পাঠ লইতেছি। ইবসেন, মেটারলিঙ্ক....টলস্টয়.... বোয়ার, নুট হ্যামসুন-বঙ্গবাণীর নিরামিষ অঙ্গনে, তাজা রক্তের ছাপ পড়িতেছে’ উক্তিটি করেছেন-

(1) প্রেমেন্দ্র মিত্র
(2) অচিন্ত্যকুমার সেনগুপ্ত
(3) সজনীকান্ত দাস
(4) দীনেশরঞ্জন দাশ

6. ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য থেকে **প্রথম তালিকায়** প্রদত্ত পৌরানিক চরিত্র গুলির উল্লেখ **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত যে যে খন্ডে আছে তার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
(a)	যুধিষ্ঠির	(i)	জন্ম খন্ড
(b)	হিরণ্যকশিপু	(ii)	বাণ খন্ড
(c)	যমলার্জুন	(iii)	কালীয়দমন খন্ড
(d)	গরুড়	(iv)	দান খন্ড

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(iv)	(iii)	(ii)	(i)
(2)	(i)	(ii)	(iii)	(iv)
(3)	(ii)	(iv)	(i)	(iii)
(4)	(iii)	(i)	(iv)	(ii)

7. প্রবোধচন্দ্র সেনের মতে বাংলা ছন্দে লঘুযতি বা পর্বযতি লোপের চিহ্ন হল :

(1) ঢ্যারা চিহ্ন (×) (2) দ্বিবিন্দু দন্ড (:) (3) ত্রিবিন্দু দন্ড (⁝) (4) হাইফেন চিহ্ন (-)

8. ‘রূপ দেখিলাম রে নয়নে রূপ দেখিলাম রে
আমার মাঝত বাহির হইয়া দেখা দিল আমারে।’
-গানটির রচয়িতা রবীন্দ্রনাথের প্রিয় এই মরমী কবি হলেন :

(1) মদন ফকির (2) হাসন রাজা (3) বাউল গঙ্গারাম (4) লালন ফকির

9. প্রভাত কুমার মুখোপাধ্যায়ের 'মাতৃহীন' গল্পের অনুসরণে প্রদত্ত প্রসঙ্গগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) গল্প কথকের সঙ্গে মিস্ ক্যাম্বেলের প্রথম সাক্ষাৎ হয়েছিল 'ভিয়েনা রেস্টোরাঁ-'য়।

(b) মিস্ ক্যাম্বেলের ফ্ল্যাট ছিল 'দি আর্টেজিয়ান্' নামের সুবৃহৎ অট্টালিকায়।

(c) ব্রিটিশ মিউজিয়ামের তলদেশ বৃত্তাকার।

(d) মিস্ ক্যাম্বেলের গল্পের নায়িকার নাম এলিজাবেথ।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	শুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(3)	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(4)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ

10. 'জাগরী' উপন্যাসে 'চুমৌনা' হল :

(1) এক প্রকার সামাজিক অনুষ্ঠান (2) একটি বিবাহ প্রথা

(3) এক প্রকার খাদ্যাভ্যাস (4) এক প্রকার অস্ত্র

11. রামমোহন রায়ের 'বেদান্তগ্রন্থ'-এর ভূমিকা অনুসরণে একটি **মন্তব্য** এবং তার সমর্থনে **যুক্তি** প্রদর্শন করা হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : পিতা পিতামহ এবং স্ববর্গেরা যে মতকে অবলম্বন করেছেন তার অন্যথা করা অনুচিত।

যুক্তি : কেননা তাঁদের সমস্ত মতামত ছিল অভ্রান্ত।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ (2) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ (4) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

12. 'কচি সংসদ'-এর যে-সদস্যটি সবে সিগারেট খেতে শিখেছে সে হল :

(1) দোদুল দে (2) শিহরণ সেন (3) হুতাশ হালদার (4) লালিমা পাল (পুং)

13. নিম্নে কতকগুলি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) বাঙালি ইংরেজী ভাষা ও সাহিত্যের সঙ্গে পরিচিত হওয়ার ফলে পূর্ব যুগের সাহিত্য ধারাগুলি সম্পূর্ণ অবলুপ্ত হল।

(b) বাংলায় সর্বপ্রথম হোমারের ইলিয়াড কাব্যের প্যারডি লেখেন রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

(c) রবীন্দ্রনাথ এলিয়টের ওয়েস্টল্যান্ড কাব্যের প্রভূত অনুরাগী ছিলেন।

(d) শেকস্‌পিয়রের নাটক বাংলায় সর্বপ্রথম অনুবাদ করেন একজন ইংরেজ।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(4)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ

14. প্রাচীন পুঁথিতে যতি চিহ্ন ব্যবহার হয় :

(1) একটি (2) দুটি (3) তিনটি (4) চারটি

15. নীচে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) আরিস্টটলের মতে ট্রাজেডির কালসীমা সূর্যের দুই আবর্তন বা ঐ পরিমাণ সময়ের মধ্যে আবদ্ধ।

(b) স্থানের ঐক্য সম্বন্ধে আরিস্টটল কিছুই বলেন নি।

(c) আরিস্টটল ক্যাথারসিস এর ব্যাখ্যা সম্পর্কেও নীরব।

(d) সাহিত্যের আলোচনায় আরিস্টটল দৃশ্যকে গুরুত্ব দিতে চেয়েছেন।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(3)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(4)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

16. 'A proverb is a short sentence based on long experience'- সংজ্ঞাটি দিয়েছেন :

(1) Arch Taylor (2) Cervants (3) Alan Dundes (4) W.C.Hazilit

17. বঙ্কিমচন্দ্রের 'বঙ্গদেশে কৃষক' প্রবন্ধ থেকে **প্রথম তালিকায়** কয়েকটি পরিচ্ছেদ সংখ্যা ও **দ্বিতীয় তালিকায়** পরিচ্ছেদ গুলির নাম প্রদত্ত হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
(a) প্রথম পরিচ্ছেদ	(i) আইন
(b) দ্বিতীয় পরিচ্ছেদ	(ii) প্রাকৃতিক নিয়ম
(c) তৃতীয় পরিচ্ছেদ	(iii) জমিদার
(d) চতুর্থ পরিচ্ছেদ	(iv) দেশের শ্রীবৃদ্ধি

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iv)	(iii)	(i)
(2)	(i)	(iii)	(iv)	(ii)
(3)	(iii)	(ii)	(i)	(iv)
(4)	(iv)	(iii)	(ii)	(i)

18. চিতান ভাওয়াইয়া হল :

(1) মাছ (চিতল) ধরার সময় যে ভাওয়াইয়া গাওয়া হয়।

(2) খুব আনন্দের আবেগে গাওয়া ভাওয়াইয়া।

(3) বিয়ের আনন্দে গাওয়া ভাওয়াইয়া।

(4) বিচ্ছেদ-বেদনার ব্যথায় ভেঙ্গে পড়ার ভাওয়াইয়া গান।

19. অচিন্ত্যকুমার সেনগুপ্ত-র যে রচনায় বোহেমীয় বেপরোয়া নায়কের বিচিত্র যৌন অভিজ্ঞতা নুট হ্যামসুনের 'প্যান' উপন্যাসটি মনে করিয়ে দেয়, সেটি হল :

(1) বেদে (2) আকস্মিক (3) কাকজ্যোৎস্না (4) বিবাহের চেয়ে বড়ো

20. **প্রথম তালিকায়** প্রমথ চৌধুরীর চারটি প্রবন্ধ থেকে উদ্ধৃত চারটি মন্তব্য আছে। **দ্বিতীয় তালিকায়** আছে চারটি প্রবন্ধের নাম। দুটি তালিকার সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	সাহিত্যের উদ্দেশ্য সকলকে আনন্দ দেওয়া, কারো মনোরঞ্জন করা নয়।	(i)	চিত্রাঙ্গদা
(b)	বালা গালাভরা হলেও চলে, কিন্তু আংটি নিরেট হওয়া চাই।	(ii)	সাহিত্যে খেলা
(c)	প্লেটনিক লভ একটি আকাশকুসুম।	(iii)	বঙ্গ সাহিত্যের নবযুগ
(d)	কবির কার্য হচ্ছে সামাজিক মনকে সরস করা।	(iv)	বস্তুতন্ত্রতা বস্তু কি

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iii)	(i)	(iv)
(2)	(iii)	(i)	(ii)	(iv)
(3)	(i)	(ii)	(iv)	(iii)
(4)	(i)	(iii)	(iv)	(ii)

21. ‘কুইন অ্যান’ গল্পে যে ঐতিহাসিক সময়ের উল্লেখ আছে সেটি হল :

(1) লবণ সত্যাগ্রহের যুগ
(2) অগাস্ট ক্রান্তির যুগ
(3) খিলাফৎ আন্দোলনের যুগ
(4) অহিংস সত্যাগ্রহের যুগ

22. ‘রাজা ও রানী’ নাটক অবলম্বনে **প্রথম তালিকার** বক্তার সঙ্গে **দ্বিতীয় তালিকার** উক্তির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	দেবদত্ত	(i)	শাস্তরের মহিমা বুঝতে ঢের দেরি হয়, কিন্তু অস্তরের মহিমা খুব চটপট বোঝা যায়।
(b)	কুঞ্জর	(ii)	অতএব এখানে কান্নাই তোমাদের অস্ত্র।
(c)	শ্রীহর	(iii)	দাঙ্গা করা এক আর কথা বলা এক।
(d)	মনসুখ	(iv)	যেমন শাস্তর আছে তেমনি অস্তরও আছে।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(i)	(iii)	(ii)	(iv)
(2)	(ii)	(iv)	(i)	(iii)
(3)	(iii)	(ii)	(iv)	(i)
(4)	(iv)	(i)	(iii)	(ii)

23. ‘সাহানা’ বকুলি বন্দো বাবুর মোকাম।

দক্ষিণে বড়খাঁ গাজি বড় গুণধাম।।’

উদ্ধৃতাংশের রচয়িতা-

(1) আলাওল (2) দৌলৎকাজী

(3) কেতকদাস ক্ষেমানন্দ (4) ভারতচন্দ্র

24. জেমস্-এ. কেলসোর মতানুসারে ‘Logogrip’ হল :

(1) ট্যাবু থেকে সৃষ্ট প্রবাদ (2) ট্যাবু থেকে সৃষ্ট ব্রতকথা

(3) ট্যাবু থেকে সৃষ্ট ছড়া (4) ট্যাবু থেকে সৃষ্ট ধাঁধা

25. ‘লাগে টাকা দেবে গৌরী সেন’-প্রবাদটির চরিত্রকে নিয়ে ‘গৌরী সেন’ শীর্ষক প্রবন্ধ লেখেন :

(1) ললিতকুমার বন্দ্যোপাধ্যায় (2) অশ্বিনীকুমার সেন

(3) রমাকান্ত সেন (4) ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর

26. ‘উপন্যাস উপন্যাস, ইতিহাস নহে’। ‘আনন্দমঠ’ উপন্যাসের যে সংস্করণের বিজ্ঞাপনে বঙ্কিমচন্দ্র এই মন্তব্য করেন সেটি হল :

(1) প্রথম সংস্করণের বিজ্ঞাপন (2) পঞ্চম সংস্করণের বিজ্ঞাপন

(3) তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন (4) বঙ্গদর্শন সংস্করণের বিজ্ঞাপন

27. বঙ্কিমচন্দ্রের ‘উত্তরচরিত’ প্রবন্ধ অবলম্বনে নীচে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

মন্তব্য : ‘উত্তরচরিত’-এর প্রথমাঙ্কের রাম-বিলাপ মনোহর।

যুক্তি : কারণ রামের কথাগুলি বীর বাক্য নহে-নব প্রেমমুগ্ধ অসারবান যুবকের কথা।

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ (2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ (4) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

28. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** শেকস্‌পীয়রের চারখানি নাটক এবং তাদের বঙ্গানুবাদের নাম দেওয়া হয়েছে। উভয় তালিকার তথ্যগত সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	As you like it	(i)	মধুরেণ
(b)	Romeo & Juliet	(ii)	শরৎশশী
(c)	A Mid Summer Nights Dream	(iii)	বসন্তকুমারী
(d)	The Taming of the Shrew	(iv)	দর্পণ

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(i)	(ii)	(iii)	(iv)
(2)	(iv)	(iii)	(ii)	(i)
(3)	(iii)	(iv)	(i)	(ii)
(4)	(i)	(iv)	(ii)	(iii)

29. লালবিহারীদে-র 'ফোক টেল্‌স অব বেঙ্গল'-এর বঙ্গানুবাদ করেন :

(1) সরলাদেবী (2) লীলা মজুমদার (3) সুখলতা রাও (4) ইন্দিরাদেবী

30. নীচে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** তথ্য দেওয়া হল। প্রদত্ত সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) স্থায়ীভাব প্রকরণে শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধ-এই পাঁচটিকে বিষয় বলা হয়েছে।

(b) প্রেম তিন প্রকার -প্রৌঢ়, মধ্য ও মন্দ।

(c) সদাকালের ঘনিষ্ঠ পরিচয়ে সর্বদা সান্নিধ্যে থাকার দরুন যে প্রেম, তা প্রৌঢ় প্রেম।

(d) মান ত্রিবিধ- উদাত্ত, অনুদাত্ত এবং ললিত।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(4)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

31. নেপালের রাজ-গ্রন্থাগারে রক্ষিত চর্যাগীতির পুঁথির উপরে কাব্য-নামের যে পাঠ পাওয়া যায় সেটি হল :

(1) চর্যাপদ (2) চর্য্যাচর্য্য টীকা

(3) চর্যাগীতি কোষ বৃত্তি (4) চর্য্যাচর্য্য বিনিশ্চয়

32. নীচে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

(a) মধুসূদন হোমারের সমগ্র ইলিয়াড কাব্য গদ্যে অনুবাদ করেন।

(b) উনবিংশ শতাব্দীতে বাংলায় ইউরোপীয় লেখকদের মধ্যে সবচেয়ে জনপ্রিয় ছিলেন শেকস্‌পীয়র।

(c) রামমোহন রায় বাঙালিদের ইংরেজী শিক্ষার বিপক্ষে ছিলেন।

(d) প্রেমেন্দ্র মিত্র এলিয়টের কবিতা পছন্দ করতেন না।

সংকেত :

	(a)	(b)	(c)	(d)
(1)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(2)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(4)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

33. নীচের যে চরণটিতে পয়ারের শোষণশক্তি দেখানো সম্ভব সেটি হল :

(1) দিকে দিকে আজি টুটিয়া সকল বন্ধ

(2) ঘূর্ণিবেগে উড়্‌ল ধুলো রক্ত সন্ধ্যাকাশে

(3) গম্ভীর পাতাল, যেথা কালরাত্রি করালবদনা

(4) শুন শুন সুন্দর নাগর রাজ

34. ‘উইলিয়াম শেকস্‌পীয়রই হচ্ছেন বাংলাদেশের গ্রামের মানুষের সবচেয়ে কাছের নাট্যকার’-উক্তিটি করেছেন :

(1) উৎপল দত্ত (2) সত্য বন্দ্যোপাধ্যায় (3) কিরণচন্দ্র দত্ত (4) শিশিরকুমার ভাদুড়ি

35. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** প্রদত্ত বনফুলের গল্পের শেষ বাক্য ও গল্পের নামের সামঞ্জস্য বিধান করে সংকেত সূত্র থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	নির্বাক হয়ে দাঁড়িয়ে রইলাম।	(i)	নিমগাছ
(b)	নৃশংস শিশু-হত্যাকারীর প্রতি কাহারও সহানুভূতি হইল না।	(ii)	তাজমহল
(c)	দুই হাতে মালাটা ছিঁড়িয়া ফেলিয়া সে দ্রুতপদে উপরে উঠিয়া গেল।	(iii)	বুধ্‌নী
(d)	ওদের বাড়ির গৃহকর্ম- নিপুণা লক্ষ্মী বউটার ঠিক এক দশা।	(iv)	তিলোত্তমা

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iii)	(iv)	(i)
(2)	(iii)	(iv)	(ii)	(i)
(3)	(iv)	(iii)	(i)	(ii)
(4)	(iv)	(ii)	(iii)	(i)

36. যে-পত্রিকায় বিহারীলালের ‘সারদামঙ্গল’ কাব্যটির প্রথম আংশিক প্রকাশ ঘটে, সেটি হল :

(1) অবোধ বন্ধু (2) ভারতী (3) পূর্ণিমা (4) আর্যদর্শন

37. ‘মালঞ্চ’ উপন্যাসে আদিত্য সরলার হাতে নীরজার জন্য যে ফুলটি পাঠিয়েছিল, সেটি হল :

(1) কারনেশন (2) ম্যাগনোলিয়া (3) এমারিলিস (4) গ্র্যান্ডিফ্লোরা

38. কাশীরাম দাসের মহাভারত অনুসারে **প্রথম তালিকার** চরিত্রগুলি **দ্বিতীয় তালিকার** চরিত্রদের বধ করেছেন। কে কাকে বধ করেছেন প্রদত্ত সংকেত থেকে তার সামঞ্জস্য বিধান করে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	যুধিষ্ঠির	(i)	শকুনি
(b)	অর্জুন	(ii)	উলূক
(c)	নকুল	(iii)	ভগদত্ত
(d)	সহদেব	(iv)	শল্য

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iii)	(iv)	(i)
(2)	(ii)	(iv)	(i)	(iii)
(3)	(iii)	(ii)	(i)	(iv)
(4)	(iv)	(iii)	(ii)	(i)

39. 'বীরাঙ্গনা' কাব্যের প্রথম ও দ্বিতীয় সংস্করণের আখ্যাপত্রে বিশ্বনাথ কবিরাজের 'সাহিত্যদর্পন' এর- ''লেখ্য-প্রস্থাপনৈঃ স্নিগ্ধৈর্বিক্ষিতৈর্মৃদুভাষিতৈঃ। দূতীসংপ্রেষনৈর্নার্য্যা ভাবাভিব্যক্তি রিষ্যতে।''- অংশটি উদ্ধৃত ছিল। এই অংশটি সাহিত্য দর্পণের যে অংশে আছে সেটি হল :

(1) প্রথম পরিচ্ছেদ (2) দ্বিতীয় পরিচ্ছেদ

(3) তৃতীয় পরিচ্ছেদ (4) চতুর্থ পরিচ্ছেদ

40. রবীন্দ্রনাথের 'সন্ধ্যাসঙ্গীত' কাব্যের পাঠান্তর সংকলিত সংস্করণ প্রস্তুত করেন :

(1) কানাই সামন্ত ও পুলিনবিহারী সেন

(2) প্রবোধচন্দ্র সেন ও শুভেন্দুশেখর মুখোপাধ্যায়

(3) শোভনলাল গঙ্গোপাধ্যায় ও প্রশান্তকুমার পাল

(4) পুলিনবিহারী সেন ও শুভেন্দুশেখর মুখোপাধ্যায়

41. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** ‘ডানা’ উপন্যাসের চারটি পাখির নাম ও তাদের বাসা বাঁধার স্থান দেওয়া হয়েছে। তালিকা দু’টির সামঞ্জস্য বিধান ক’রে সংকেত সূত্র থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	বুলবুল	(i)	ফসলের ক্ষেতে
(b)	পানকৌড়ি	(ii)	পাহাড়ের খোঁজে
(c)	টুনটুনি	(iii)	ঝোপে ঝাড়ে
(d)	নীলপায়রা	(iv)	মগডালের কাছে

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(i)	(ii)	(iii)	(iv)
(2)	(iii)	(iv)	(i)	(ii)
(3)	(iv)	(iii)	(ii)	(i)
(4)	(i)	(iv)	(iii)	(ii)

42. ‘রক্তকরবী’র যে খসড়া পান্ডুলিপিতে গোকুল চরিত্রটি প্রথম সংযোজিত হয় সেটি হল :

(1) পঞ্চম খসড়া পান্ডুলিপি
(2) তৃতীয় খসড়া পান্ডুলিপি
(3) সপ্তম খসড়া পান্ডুলিপি
(4) নবম খসড়া পান্ডুলিপি

43. মাইকেল মধুসূদন ইউরোপীয় কবিদের মধ্যে যাঁকে শ্রেষ্ঠ মনে করতেন, তিনি হলেন :

(1) হোমার
(2) ভার্জিল
(3) দান্তে
(4) মিলটন

44. সত্যেন্দ্রনাথ দত্তের ‘ছন্দ সরস্বতী’র আদ্যাশ্রী মূর্তির বাহন হল :

(1) মঞ্জুমরাল বাহন
(2) মত্তময়ূর বাহন
(3) মকরাঙ্গী ডিঙ্গাবাহন
(4) গগন গরুড় বাহন

45. 'শেকস্‌পীয়র ইন ইন্ডিয়া' পুস্তক অনুসারে 1964 সাল পর্যন্ত বাংলায় অনূদিত শেকস্‌পীয়রের নাটকের সংখ্যা :

(1) 300 (2) 228 (3) 200 (4) 128

46. 'শুধু একটি কথা, দশ শির এক মাথা'-ধাঁধাটির উত্তর হল :

(1) চালতা (2) সজনে ডাঁটা (3) করলা (4) ঝিঙ্গে

47. 'কাব্যচর্চা না করলে মানুষে জীবনের একটা বড়ো আনন্দ থেকে স্বেচ্ছায় বঞ্চিত হয়।'-এই মন্তব্যটি প্রমথ চৌধুরীর যে প্রবন্ধে আছে সেটি হল :

(1) বর্তমান বঙ্গ সাহিত্য (2) বই পড়া

(3) সাহিত্যে খেলা (4) জয়দেব

48. ধ্বনি-পরিবর্তনের যে সূত্র অবলম্বনে প্রদত্ত শব্দগুলোর সৃষ্টি তা **উভয় তালিকার** মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
(a)	দেব্‌তা	(i)	রকারীভবন
(b)	পক্ক	(ii)	দ্বিমাত্রিকতা
(c)	পিরিতি	(iii)	প্রগত সমীভবন
(d)	পনেরো	(iv)	বিপ্রকর্ষ

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iv)	(i)	(iii)
(2)	(iv)	(ii)	(iii)	(i)
(3)	(ii)	(iii)	(iv)	(i)
(4)	(iii)	(i)	(ii)	(iv)

49. বাংলা লিপির সংস্কারে 'য়' 'ড়' ও 'ঢ়' বর্ণ তিনটিকে পূর্ণাঙ্গ রূপ দিয়েছিলেন :

(1) মদনমোহন তর্কালঙ্কার (2) রামমোহন রায়

(3) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (4) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

50. বাংলায় লেখা সংস্কৃত ছন্দ-বিষয়ক প্রথম মুদ্রিত বইটির নাম হল :

(1) ছন্দঃসমুদ্র (2) ছন্দঃকুসুম (3) ছন্দোমঞ্জরী (4) ছন্দোমালা

51. বঙ্কিমচন্দ্রের 'উত্তরচরিত' প্রবন্ধ অবলম্বনে নীচে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

মন্তব্য : স্ত্রী বিসর্জন মাত্রই ক্লেশকর-মর্মভেদী।

যুক্তি : কেননা যে কেহ আপন স্ত্রীকে বিসর্জন করেন, তাহারই হৃদয়োদ্ভেদ হয়।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ (2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ (4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

52. ভাগবত শুনি আমি পন্ডিতের মুখে।

---------- কহিল লোক সুন মহাসুখে।।

শূন্যস্থানে যে শব্দটি বসবে :

(1) প্রাকৃতে (2) বাংলায় (3) লৌকীকে (4) সহজে

53. 'লুকাও লুকাও লালসা-বিলাস লুকাও ত্বরা'

-সত্যেন্দ্রনাথ দত্তের এই চরণটি যে-সংস্কৃত ছন্দের অনুসরণে রচিত, সেটি হল :

(1) মালিনী (2) রুচিরা (3) শিখরিনী (4) ভুজঙ্গ প্রয়াত

54. **প্রথম তালিকার** অনুবাদক ও অনূদিত নাটকের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত ব্রেখটের নাটকগুলির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
(a)	বীরেন দাশ-এর 'হিটলার ও জার্মানি'	(i)	The Exception and the Rule
(b)	রুদ্রপ্রসাদ সেনগুপ্তর 'ব্যতিক্রম'	(ii)	Herr Puntila and his hired man Matti
(c)	বাদল সরকার-এর 'গন্ডি'	(iii)	The Informer
(d)	নীহার ভট্টাচার্যের পন্তুলাহা	(iv)	The Caucasion Chalk Circle

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(iv)	(iii)	(ii)	(i)
(2)	(iii)	(i)	(iv)	(ii)
(3)	(ii)	(iii)	(iv)	(i)
(4)	(iv)	(ii)	(iii)	(i)

55. রবীন্দ্রনাথের 'ছন্দ' গ্রন্থ অবলম্বনে নীচে **শুদ্ধ-অশুদ্ধ** কয়েকটি তথ্য দেওয়া হল। সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) বাংলা যে ছন্দে যুক্ত-অক্ষরের স্থান হয় না সে ছন্দ আদরনীয়।

(b) ছন্দের ঝংকার এবং ধ্বনি বৈচিত্র যুক্ত-অক্ষরের উপর নির্ভর করে না।

(c) হাস্যরসের প্রধান দুইটি উপাদান অবাধ দ্রুতবেগ ও অভাবনীয়তা।

(d) বাংলা সাধুছন্দে হসন্ত জিনিসটাকে একেবারে ব্যবহারে লাগানো হয় না।

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(4)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

56. 'মহাকবি সেক্ষপীরই আমার আদর্শ'-এই উক্তিটি করেছেন :

(1) অমৃতলাল বসু
(2) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
(3) গিরিশচন্দ্র ঘোষ
(4) দ্বিজেন্দ্রলাল রায়

57. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** ন্যুট হ্যামসুন-এর চারখানি উপন্যাস এবং তাদের বাংলা অনুবাদকদের নাম দেওয়া হয়েছে। তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত সূত্র থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
(a)	Victorian	(i)	অচিন্ত্যকুমার সেনগুপ্ত
(b)	Hunger	(ii)	প্রবোধকুমার সান্যাল
(c)	The Prisonor who Sang	(iii)	পবিত্র গঙ্গোপাধ্যায়
(d)	Pan	(iv)	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(i)	(ii)	(iii)	(iv)
(2)	(iv)	(iii)	(ii)	(i)
(3)	(iv)	(ii)	(iii)	(i)
(4)	(i)	(ii)	(iv)	(iii)

58. পুঁথির পাঠ-সমস্যার প্রধাণ কারণ হল :

(1) টানা বর্ণ বিন্যাসের ফলে পরস্পর মাত্রা দিয়ে জোড়া প্রতিটি পদ।
(2) টানা গদ্যের মতো লেখন রীতি।
(3) প্রাচীন লিপির ছাঁদ।
(4) লিপিকরের হস্তাক্ষরের দুর্বোধ্যতা।

59. **প্রথম তালিকায়** কবিতার পঙ্‌ক্তি এবং **দ্বিতীয় তালিকায়** ছন্দোরীতির নাম দেওয়া হল। দুটি তালিকার সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
(a)	দুন্দুভি বেজে ওঠে ডিম্ ডিম্ রবে, সাঁওতাল পল্লীতে উৎসব হবে।	(i)	মিশ্রকলাবৃত্ত
(b)	সব পেয়েছি’র দেশে কারো নাইরে কোঠা বাড়ি, দুয়ার খোলা পড়ে আছে কোথায় গেল দ্বারী।	(ii)	প্রত্ন-কলাবৃত্ত
(c)	ছন্দজ্ঞান বিনা কাব্য রচে যেই জন। পন্ডিত সভায় সেই লজ্জার ভাজন।।	(iii)	দলবৃত্ত
(d)	হৃদয়ক মৃগমদ গীমক হার। দেহক সরবস গেহক সার।।	(iv)	কলাবৃত্ত

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(iv)	(iii)	(ii)	(i)
(2)	(iv)	(iii)	(i)	(ii)
(3)	(i)	(ii)	(iv)	(iii)
(4)	(iii)	(i)	(iv)	(ii)

60. অমূল্যধন মুখোপাধ্যায়ের মাত্রাবিচার পদ্ধতি অনুযায়ী নীচের যে চরণটির মাত্রাবিচার যথার্থ, সেটি হল :

(1) কান্দে রাণী মেনকা চক্ষের জলে ভাসে - 7 + 7

(2) কন্টক গাড়ি কমলসম পদতল - 8 + 8

(3) শুন শুন সুন্দর নাগর রাজ - 7 + 5

(4) মাথহিঁ তপন তপত পথ বালুক - 6 + 5 + 3

61. নীচে চৈতন্যচরিতামৃত থেকে **প্রথম তালিকায়** উদ্ধৃত বক্তব্যের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত উদ্দিষ্ট ব্যক্তির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	প্রভুর হৃদয় দ্রবে শুনি দৈন্য যাঁর	(i)	শঙ্করাচার্য
(b)	লোকে খ্যাত যিঁহো সত্যভামার স্বরূপ	(ii)	মুরারি গুপ্ত
(c)	তাঁহার নাহিক দোষ ঈশ্বরাজ্ঞা পাঞা	(iii)	অদ্বৈত মহাপ্রভু
(d)	এমতে কৃষ্ণেরে করাইল অবতার	(iv)	জগদানন্দ পন্ডিত

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iii)	(iv)	(i)
(2)	(i)	(iv)	(iii)	(ii)
(3)	(iv)	(i)	(ii)	(iii)
(4)	(ii)	(iv)	(i)	(iii)

62. তোর রতি আশোআশেঁ গেলা অভিসারে।

সকল শরীর বেশ করী মনোহরে।।

- বড়ুচন্ডী দাস যে কবির রচনার অনুসরণে ছত্র দুটি লিখেছেন তিনি হলেন :

(1) উমাপতিধর (2) জয়দেব (3) ধোয়ী (4) শরণ

63. চান্দ-চকোর মুখ নেহালি নাগরে।

তিমির হৈল নাশ প্রকাশ মন্দিরে।।

এখানে যে নায়ক-নায়িকার মিলনের বর্ণনা দেওয়া হয়েছে :

(1) বিদ্যা ও সুন্দর (2) ঊষা ও অনিরুদ্ধ

(3) লোর ও চন্দ্রাণী (4) বেহুলা ও লখিন্দর

64. **প্রথম তালিকার** সঙ্গে **দ্বিতীয় তালিকার** সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	নখপদ হৃদয়ে তোহারি অন্তর জ্বলত হামারি	(i)	বাসকসজ্জিকা
(b)	সো মধু-মথন অবহু নাহি মীলল যামিনি অবশেষ ভেল	(ii)	খন্ডিতা
(c)	বাসিত বারি কপূরিত তাম্বূল কুসুমিত মদনশয়ান	(iii)	উৎকন্ঠিতা
(d)	কি লাগি এতেক বিলম্ব হইল আসিতে সঙ্কেত-ঘরে	(iv)	বিপ্রলব্ধা

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iv)	(i)	(iii)
(2)	(ii)	(i)	(iii)	(iv)
(3)	(iii)	(ii)	(iv)	(i)
(4)	(iv)	(iii)	(ii)	(i)

65. যে প্রাচীন সঙ্গীত সংকলনে চর্যাগীতি প্রসঙ্গের উল্লেখ আছে সেটি হল :

(1) সঙ্গীতমালঞ্চ (2) পদরত্নাকর (3) সঙ্গীতরত্নাকর (4) সঙ্গীতসমুদ্র

66. 'চৈতন্যচন্দ্রোদয়' নাটক থেকে **প্রথম তালিকায়** অঙ্ক সংখ্যা এবং **দ্বিতীয় তালিকায়** বর্ণিত বিষয়ের উল্লেখ করা হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	তৃতীয় অঙ্ক	(i)	শ্রীগৌরাঙ্গের সন্ন্যাস
(b)	সপ্তম অঙ্ক	(ii)	কাশীতে শ্রীসনাতন-শিক্ষা
(c)	নবম অঙ্ক	(iii)	মহাপ্রভুর দাক্ষিণাত্য যাত্রা ও রামানন্দ মিলন
(d)	চতুর্থ অঙ্ক	(iv)	মৈত্রী ও প্রেমভক্তির সম্বন্ধ নিরূপণ

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iii)	(iv)	(i)
(2)	(iii)	(iv)	(i)	(ii)
(3)	(iv)	(iii)	(ii)	(i)
(4)	(iv)	(ii)	(i)	(iii)

67. নীচের যে অভিসার-বিষয়টি উজ্জ্বলনীলমণি গ্রন্থ থেকে গৃহীত হয়েছে, সেটি হল :

(1) কুজ্ঝটী অভিসার
(2) দিবাভিসার
(3) তিমিরাভিসার
(4) উন্মত্তাভিসার

68. বুদ্ধদেব বসুর 'রামায়ণ' সমালোচনার অনুসরণে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

মন্তব্য : বনবাসের উদ্যোগের সময় রাম সীতাকে বলেছেন, 'ভরতের সামনে আমার প্রশংসা কোরোনা।'

যুক্তি : কেননা দুর্বল চিত্ত পুরুষ অন্যের প্রশংশা সইতে পারে না।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ
(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ
(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ
(4) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

69. যে-রঙ্গমঞ্চে যোগেশচন্দ্র চৌধুরীর 'সীতা' নাটকের প্রথম অভিনয় হয়েছিল সেটি হল :

(1) নাট্যভারতী
(2) রঙমহল
(3) বেঙ্গল থিয়েটার
(4) মনোমোহন নাট্যমন্দির

70. 'মেঘনাদবধ কাব্য' থেকে গৃহীত **প্রথম তালিকার** বক্তানামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত উক্তির সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	সৌমিত্রি	(i)	তব সম পুত্র, শূর, কার এ জগতে?
(b)	ত্রিজটা	(ii)	তার দুঃখে সদা দুঃখী আমি
(c)	গিরিশ	(iii)	সুপ্রসন্ন হও, দেবি, করি, এ মিনতি
(d)	মায়া	(iv)	দৈববলে বলী যে জন, কাহারে ডরে সে ত্রিভুবনে?

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(iii)	(iv)	(ii)	(i)
(2)	(iv)	(i)	(ii)	(iii)
(3)	(ii)	(iii)	(iv)	(i)
(4)	(i)	(ii)	(iii)	(iv)

71. 'ছড়ার প্রথম ছত্র রচনা হলেই রচয়িতার দায়িত্ব শেষ, তারপর বাকিটা যেন আপনি গড়ে ওঠে।'-বলেছেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর (2) অবনীন্দ্রনাথ ঠাকুর

(3) সুকুমার সেন (4) আবদুল করিম

72. 'প্রান্তিক' কাব্যের 15 সংখ্যক কবিতাটি 1341 বঙ্গাব্দের বিচিত্রা-র কার্তিক সংখ্যায় যে নামে মুদ্রিত হয়েছিল :

(1) শরৎ (2) হেমন্ত (3) বসন্ত (4) বনলক্ষ্মী

73. ধ্বনি-পরিবর্তনের যে সূত্র অবলম্বনে শব্দগুলোর সৃষ্টি তা উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	শিকে	(i)	অন্যোন্য স্বরসংগতি
(b)	বিলিতি	(ii)	পরাগত স্বরসংগতি
(c)	মুজো	(iii)	প্রগত স্বরসংগতি
(d)	দিশি	(iv)	মধ্যগত স্বরসংগতি

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(iii)	(ii)	(iv)	(i)
(2)	(ii)	(iv)	(i)	(iii)
(3)	(iii)	(iv)	(i)	(ii)
(4)	(iv)	(iii)	(ii)	(i)

74. 'আউলা বাঘই জালে পড়ে'।-এই প্রবাদে 'আউলা' শব্দের অর্থ হল :

(1) চালাক (2) দলহীন (3) বোকা (4) শিকারি

75. 'শ্রীকৃষ্ণবিজয়' থেকে **প্রথম তালিকায়** প্রদত্ত চরিত্রের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত পরিচয়ের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
(a)	কংস	(i)	সত্যকের পুত্র
(b)	উগ্রসেন	(ii)	আহুকের পুত্র
(c)	উদ্ধব	(iii)	জরাসন্ধের জামাতা
(d)	অনিরুদ্ধ	(iv)	প্রদ্যুম্নের পুত্র

সংকেত :

	(a)	**(b)**	**(c)**	**(d)**
(1)	(ii)	(iv)	(i)	(iii)
(2)	(iii)	(ii)	(i)	(iv)
(3)	(iv)	(iii)	(ii)	(i)
(4)	(i)	(iv)	(iii)	(ii)

- o 0 o -

Space For Rough Work